



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২২.০৭৯.২০.৫৭৫

তারিখ: ৩ অগ্রহায়ণ ১৪২৮

১৮ নভেম্বর ২০২১

বিষয়: মতামত প্রদান প্রসঙ্গে।

খুলনা জেলার চালনা কলেজের দুব কান্তি রায় এর জন্মতারিখ সংশোধন করার লক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, যশোর কর্তৃক সনদ যাচাই করে প্রতিবেদনসহ জেলা শিক্ষা অফিসার আবেদন করেন।

বোর্ড কর্তৃক সনদ যাচাই প্রতিবেদন এর ভিত্তিতে তার জন্মতারিখ সংশোধন করা হয়। জন্মতারিখ ভুল থাকায় এমপিও থেকে তার নাম কর্তন হয়। জন্মতারিখ সংশোধন হলে এমপিওতে তার নাম পুনঃমুদ্রণ হয়। পুনঃএমপিওভুক্ত হলেও অধ্যক্ষ তার বেতন প্রদানে বিরত থাকেন। উক্ত বিষয়ে তিনি জেলা প্রশাসক খুলনায় অভিযোগ দায়ের করেন। জেলা প্রশাসক উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনাকে তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত কাজে অধ্যক্ষকে তার কার্যালয়ে উপস্থিত হতে বললে অধ্যক্ষ বিরত থাকেন। পরবর্তীতে জেলা প্রশাসক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করেন। তদন্ত কমিটি অনেক চেষ্টা করেও অধ্যক্ষকে তদন্তে হাজির করতে পারেননি। কলেজের অধ্যক্ষ জনাব অচিন্ত্য কুমার মন্ডল জেলা প্রশাসক এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল কর্তৃক গঠিত তদন্ত কমিটির নিকট হাজির না হয়ে স্থায়ী প্রশাসনের সাথে সমন্বয় হীনতা তৈরি করে প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে দুরত্ব সৃষ্টি করছেন। মাঠ পর্যায়ের একজন অধ্যক্ষের এরূপ সেচ্ছাচারি আচারণ শৃংখলা পরিপন্থী।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তদন্ত কমিটির মতামত ও পর্যবেক্ষণের প্রেক্ষিতে কেন জনবল কাঠামো ও বিধি মোতাবেক তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে ০৩(তিন) কর্মদিবসের মধ্যে মতামত প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮-১১-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

সভাপতি, গভর্নিং বডি
চালনা কলেজ, খুলনা।